

স্মারক নং-১৩.০১.০০০০.০৯১.৪৭.২৪১.২০.

তারিখ- /০৩/২০২২ খ্রি.

বিষয় : সকল সাইলো, সিএসডি ও এলএসডিতে বস্তা গ্রহণ কমিটি পুনর্গঠন সংক্রান্ত।

সূত্র : ১। খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা'র ১৯/০১/২০২২ খ্রি. তারিখের ১৪ নং স্মারকে।  
২। সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা'র ২৪/০১/২০২১ খ্রি. তারিখের ৭২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ১নং স্মারকে দেশের সকল সাইলো, সিএসডি ও এলএসডি-তে চট্টের বস্তা গ্রহণ কমিটি পুনর্গঠন করে পত্র জারি করা হয়। খাদ্য মন্ত্রণালয়ের উক্ত পত্র সূত্রস্থ ২নং স্মারকে সংশ্লিষ্ট দপ্তরসমূহে পৃষ্ঠাংকণপূর্বক প্রেরণ করা হয় যা একই সঙ্গে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করা হয়।

কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু জেলায় এখনও বস্তা গ্রহণ কমিটি গঠিত হয়নি, তাই গুদাম কর্মকর্তা/সাইলো কর্তৃপক্ষ কমিটি গঠন না হওয়ার অজুহাতে বস্তা সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে বস্তা গ্রহণে বিরত রয়েছে, যা মোটেও কাম্য নয়। সরবরাহকারী প্রতিষ্ঠান প্রাপক কেন্দ্রে বস্তা সরবরাহকালে বস্তার মান বিনির্দেশ সম্মত হলে গুদাম কর্মকর্তা/সাইলো কর্তৃপক্ষ প্রচলিত নিয়ম মোতাবেক বস্তা গ্রহণ করবেন। পরবর্তীতে বস্তা গ্রহণ কমিটি গৃহীত বস্তা যাচাই-বাছাই করে সনদপত্র দিবেন। একই সঙ্গে বস্তা গ্রহণ কমিটি গঠন দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করবেন। অন্যথায় সৃষ্ট যে কোন জটিলতার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী দায়ী থাকবেন। বিষয়টি জরুরি বিবেচ্য।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

প্রাপক : আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো অধীক্ষক,

.....  
.....।

৫৯  
(মোঃ রায়হানুল কবীর)  
পরিচালক  
সংগ্রহ বিভাগ  
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

তারিখ- ২৭ /০৩/২০২২ খ্রি.

স্মারক নং-১৩.০১.০০০০.০৯১.৪৭.২৪১.২০. ৬৫৯/৩ (৯)

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ**

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। উপ-সচিব, সরবরাহ-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৬। জেলা প্রশাসক (সকল)।
- ৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি জরুরিভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৮। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৯। নথি কপি।

২৭/০৩/২০২২  
পরিচালক

সংগ্রহ বিভাগ

খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২৭/৩/২২